দৈনিক খবর

তারিখ ... 18 JUL 1993

পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

144

# স্কুলে শিক্ষক নিয়োগের ওপর আদালতের নিষেধাজ্ঞা জারি

।। স্টাফ রিপোর্টার ।।

মাধবপুর সিনিয়র সহকারী জজ আদালত স্থানীয় চৌমুহনী খোরশেদ হাই স্কুলে শিক্ষক নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপকরেছে।

সূত্র জানায়ঃ চৌমুহনী খোরশেদ হাই স্কুলে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ উত্থাপন করে সম্প্রতি মাধবপুর সহকারী জজ আদালতে মামলা করা হয়েছে। শিক্ষক নিয়োগের পরীক্ষায় অংশ নেয়া জনৈক পরীক্ষার্থী গত ২৯শে জুন এ মামলা দায়ের করেন। এই পরীক্ষার্থী অভিযোগ করে বলেন, পরীক্ষা শুরুর আগেই ঐ স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি ও সরকারী স্কুলের প্রতিনিধি জনৈক পরীক্ষার্থী রফিজ মিয়াকে প্রশ্নপত্র দিয়ে দেয়। এ ব্যাপারে স্থানীয় জনগণ সরকারী স্কুলের প্রতিনিধিকে জিজ্ঞাসা করলে তিনি বলেন, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতির প্ররোচনায় তিনি পরীক্ষার আগেই রফিজ মিয়াকে প্রশ্নপত্র দিয়ে দিতে বাধ্য হয়েছিলেন।